তারিখ 18 AUG 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

# ৫ দফা দাবি নিয়ে বেসরকারি শিক্ষকরাও আন্দোলনে নামছেন

**কাগজ প্রতিবেদক:** বাংলাদেশ শিক্ষক ফেডারেশন বেসরকারি শিক্ষকদের মূল বেতনের শতকরা একশ ভাগ সরকার থেকে দেবার ঘোষণা দাবিসহ তাদের ৫ দফা দাবি অবিলম্বে মেনে নেবার জন্যে সরকারের কাছে আহবান জানিয়েছে। গতকাল শনিবার ফেডারেশনের জাতীয় নির্বাহী কমিটির এক বর্ধিত সভায় এ দাবি জানানো হয়। সভাপতি ছিলেন ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান শেখ আমানুল্লাহ।

সভায় বলা হয়, সরকারি শিক্ষকদের ক্ষেত্রে যেদিন নতুন জাতীয় বেতন স্কেল কার্যকর হবে সেদিন থেকেই বেসরকারি শিক্ষকদের মূল বেতন বাড়াতে হবে।

সভায় শিক্ষক কল্যাণ ট্রাস্টের স্থগিত আদেশ প্রত্যাহার করে ট্রাস্টের স্বাভাবিক কার্যক্রম চালু করার দাবি জানানো হয়।

অন্যসব দাবির মধ্যে রয়েছে মাসের ৭ তারিখের মধ্যে সরকারি মঞ্জুরি প্রদান, ৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের বেতন মওকুফ করার ফলে সরকার থেকে সমপরিমাণ অর্থ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে প্রদান এবং সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের পদোন্নতি ত্বরান্বিত করা।

আগামী ২০ আগস্টের মধ্যে এ সকল দাবিসহ সরকারের কাছে স্মারকলিপি পেশ করা হবে। নির্ধারিত সময়ের ভেতর দাবি পূরণে ব্যর্থ হলে নতুন আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলে সভায় সিদ্ধান্ত নেয়া হয়। সভায় ফেডারেশনের চেয়ারম্যান এবং সেক্রেটারী জেনারেলসহ ১২ সদস্যের এক সংগ্রাম কমিটি গঠন করা হয়েছে।